গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন,
সেগুনবাগিচা, ঢাকা।

নম্বর- -০৮.০১.০০০০.০১১.০৯.০১৮.১৯ - ৬৬৮

তারিখ ঃ ১৭ শ্রাবণ ১৪২৬ বঙ্গাব্দ / ০১ আগস্ট ২০১৯ খ্রিস্টাব্দ

**বিষয় ঃ "Masters in Public Affairs (MPA)" শীর্ষক একাডেমিক কোর্সের বিষয়ে কর্মকর্তাদের অবহিতকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ বাংলাদেশ ইনস্টিটিউট, অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট এর নিকট হতে প্রাপ্ত প্রাপ্ত পত্র নং-বিআইজিএম/অর্গা /০৫/১০/২০১৫-৩৮৯৯/২০(বি), তারিখঃ ০৮/০৭/২০১৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে Bangladesh Institute of Governance and Management (BIGM) এর "Masters in Public Affairs (MPA)" শীর্ষক একাডেমিক কোর্সে কর্মকর্তাদের অংশগ্রহণের নিমিত্ত BIGM এর ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ভর্তির বিজ্ঞাপনটি নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

(সুহানা ইসলাম) ০১/০৮/১৯
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-১)
ফোনঃ ৮৩৯১৬৩৪

১। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/ আইসিডি, কমলাপুর/ পানগাঁও/চট্টগ্রাম/বেনাপোল//মোংলা।
২। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর/দক্ষিণ/পূর্ব/পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/ সিলেট/ রাজশাহী/রংপুর/যশোর/খুলনা/(আপীল) কমিশনারেট, ঢাকা-১/২/ চট্টগ্রাম/খুলনা।
৩। কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-মূল্য সংযোজন কর, ঢাকা।
৪। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা/চট্টগ্রাম।
৫। কমিশনার,শুল্ক, মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৬। মহাপরিচালক, বাংলাদেশ, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম/নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মূল্য সংযোজন কর, ঢাকা/শুল্ক, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা /শুল্ক, রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা।
৭। জনাব আনতারা আনিকা পিয়া, সহকারী প্রোগামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে**

১। সদস্য (সকল), কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড,ঢাকা ।
২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অফিস কপি।

০১/০৮/১৯
(সুহানা ইসলাম)
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-১)

০৫.০৮.২০১৯

বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট
(ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত)
ই-৩৩, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা - ১২০৭

BIGM

**মোহাম্মদ তারেক** পিএইচডি (বোস্টন)
ব্যবস্থাপনা পরিচালক, বোর্ড অব ট্রাস্টিজ ও
পরিচালক, বিআইজিএম
প্রাক্তন সিনিয়র সচিব, অর্থ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাক্তন বিকল্প নির্বাহী পরিচালক, বিশ্ব ব্যাংক
ফোন: ৮৮০-৯১৪০৭৪০, ফ্যাক্স: ৮৮০-৯১৪১২৩১
মোবাইল : ৮৮-০১৫৫০১৫০৬৭৭, ই-মেইল : mohammad.tareque@bigm.edu.bd

ডিও নং-বিআইজিএম/অর্গা/০৫/১০/২০১৫-৬৮৭৯/২৩(৬৫) তারিখ ০৫/০৭/২০১৯খ্রি:

বিষয়: **"Masters in Public Affairs (MPA)" শীর্ষক একাডেমিক কোর্সের বিষয়ে কর্মকর্তাদের অবহিতকরণ** প্রসংঙ্গে।

প্রিয় সচিব,

আমার আন্তরিক শুভেচ্ছা নিবেন।

২। আপনি অবগত আছেন যে, Bangladesh Institute of Governance and Management (BIGM)-সরকারের সাহায্যপুষ্ট, জনপ্রশাসন মন্ত্রণালয় আওতাধীন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত একটি বিশেষায়িত উচ্চতর শিক্ষা প্রতিষ্ঠান। বাংলাদেশের বিদ্যমান উন্নয়ন গতিধারাকে আরও বেগবান করার লক্ষ্যে দক্ষ, উদ্ভাবনী ও সৃজনশীল প্রশিক্ষিত জনসম্পদ সৃষ্টি করাই এই প্রতিষ্ঠানের অন্যতম প্রধান উদ্দেশ্য। এ প্রতিষ্ঠানটি Masters in Public Affairs (MPA) Programme এর আওতায়- Governance and Public Policy (GPP), International Economic Relations (IER) এবং Human Resource Management (HRM)-এই তিনটি বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী প্রদান করে আসছে। ৪ সেমিস্টারব্যাপী এই মাষ্টার্স প্রোগ্রামের টিউশন ফিসহ সার্বিক ব্যয় তুলনামূলকভাবে অনেক কম যা সরকারি কর্মকর্তাদের ক্ষেত্রে নিতান্তই নামমাত্র এবং কোর্সটি সান্ধ্যকালীন।

৩। এই প্রতিষ্ঠানটি ক্রমাগতভাবে কোর্স কারিকুলাম আন্তর্জাতিক মানে উন্নীতকরণ, নতুন নতুন প্রোগ্রাম অন্তর্ভুক্তকরণ, গবেষণা-কর্ম পরিচালনা এবং জনপ্রশাসনের চাহিদাভিত্তিক প্রশিক্ষণ পরিচালনার মাধ্যমে সরকারের রূপকল্প ও সরকারের অঙ্গীকারকৃত SDGs (টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা) পূরণে সহায়ক ভূমিকা পালনের লক্ষ্যে কাজ করে যাচ্ছে। এই প্রতিষ্ঠান থেকে এ পর্যন্ত যতজন শিক্ষার্থী ডিগ্রী লাভ করেছেন, তাদের প্রায় ৫০ শতাংশ ছিলেন সরাসরি বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থায় কর্মরত।

৪। অন্যান্য বছরের মতো এবছরও (শিক্ষাবর্ষ ২০১৯-২০) Governance and Public Policy (GPP), International Economic Relations (IER) এবং Human Resource Management (HRM) এই তিনটি বিষয়ে শিক্ষার্থী ভর্তির বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে, যা এর সাথে সংযুক্ত করা হলো। **উল্লেখ্য, এ সংক্রান্ত দরখাস্ত জমা দেয়ার শেষ তারিখ ৩১শে জুলাই ২০১৯খ্রি:।** এ সংক্রান্ত বিস্তারিত তথ্য আমাদের ওয়েব-সাইট www.bigm.edu.bd-এ পাওয়া যাবে।

৫। BIGM-এর ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের ভর্তির বিজ্ঞপ্তিটি আপনার সংস্থায় প্রকাশের মাধ্যমে আপনার আওতাধীন সরকারি কর্মকর্তাদের উল্লিখিত প্রোগ্রামগুলোতে অংশগ্রহণে উৎসাহিত করার জন্য আপনাকে সানুগ্রহ অনুরোধ জানাচ্ছি।

একান্তভাবে আপনার

(ড. মোহাম্মদ তারেক)

সংলগ্নী: বর্ণনামতে।

জনাব মো: মোশাররফ হোসেন ভূঁইয়া
এনডিসি
সিনিয়র সচিব
অভ্যন্তরীন সম্পদ বিভাগ
ভবন- ৬, বাংলাদেশ সচিবালয়
ঢাকা

BIGM

# বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স অ্যান্ড ম্যানেজমেন্ট

(ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত)

বাংলাদেশ ইনস্টিটিউট অব গভর্নেন্স এন্ড ম্যানেজমেন্ট একটি প্রশাসন, জননীতি ও ব্যবস্থাপনা বিষয়ক স্নাতকোত্তর শিক্ষা প্রতিষ্ঠান। এই প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রমের উদ্দেশ্য হল সরকারি ও বেসরকারি কর্মকর্তাদের প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা অর্জনের মাধ্যমে একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য যথাযথভাবে প্রস্তুত ও দক্ষ করে গড়ে তোলা, যাতে তারা দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি ও সুশাসন প্রতিষ্ঠায় বিশেষ অবদান রাখতে পারেন।

### আবেদনের যোগ্যতা

বিসিএস ক্যাডার ও ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা, রাষ্ট্রায়ত্ত সংস্থা, বেসরকারি ব্যাংক/বীমা ও অন্যান্য সংস্থা এবং এনজিও'তে কর্মরত মধ্য পর্যায়ের কর্মকর্তা যাদের শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা নিম্নরূপ ঃ

দুই বছরের চাকুরীর অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রি।
ন্যূনতম পয়েন্ট ৬, যেখানে প্রথম শ্রেণী/ক্লাস/সিজিপিএ ৩.০০ = ৩ পয়েন্ট, দ্বিতীয় শ্রেণী/ক্লাস/সিজিপিএ ২.৭৫ থেকে ২.৯৯ = ২ পয়েন্ট ও তৃতীয় শ্রেণী/ক্লাস/সিজিপিএ ২ থেকে ২.৭৪ = ১ পয়েন্ট।

### কিভাবে আবেদন করবেন

প্রোগ্রাম ও ভর্তি সংক্রান্ত তথ্য ইনস্টিটিউটের ওয়েবসাইট (www.bigm.edu.bd) অথবা ভর্তি অফিস হতে সংগ্রহ করা যাবে। ভর্তি ফরম অনলাইনে অথবা সরাসরি ক্যাম্পাসে এসে পূরণ করতে হবে এবং ভর্তির আবেদন ফি বাবদ ১০০০/- (এক হাজার) টাকা প্রার্থীকে অনলাইনে / অথবা সরাসরি ক্যাম্পাসের ভর্তি অফিসে আগামী ৩১ জুলাই, ২০১৯ এর মধ্যে জমা দিতে হবে।

**"সকল যোগ্যতাসম্পন্ন আবেদনকারীকে লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।"**

সরাসরি তথ্য পেতে
উপ-পরিচালক (শিক্ষা ও যোগাযোগ)
মোবাইল: ০১৯৭৯-০০৫৩০৩
ফেইসবুক: facebook.com/BIGM2017
ই-মেইল: admission@bigm.edu.bd

# ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ: ২০১৯-২০২০

## MPA
## মাস্টার্স ইন পাবলিক এ্যাফেয়ার্স

GPP
IER
HRM

গভর্নেন্স অ্যান্ড পাবলিক পলিসি (জিপিপি)
Governance and Public Policy
ইন্টারন্যাশনাল ইকোনমিক রিলেসন্স (আইইআর)
International Economic Relations
হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট (এইচআরএম)
Human Resource Management

### সুযোগ-সুবিধা

* বহুমুখী কোর্সের এক অনন্য সমন্বয়
* আধুনিক ও অভিনব শিক্ষা ও গবেষণা পদ্ধতি
* সান্ধ্যকালীন ও সুবিধাজনক ক্লাস সময়সূচি
* ন্যূনতম টিউশন ফি/বৃত্তি
* পেশাগত জ্ঞান ও বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন দেশবরেণ্য ও স্বনামধন্য শিক্ষকবৃন্দ
* বিভিন্ন পেশা ও শ্রেণীর শিক্ষার্থীদের বৈচিত্র্যময় সমাবেশ
* ঢাকা বিশ্ববিদ্যালয় প্রদত্ত সার্টিফিকেট
* পরিবেশবান্ধব মনোরম ক্যাম্পাস
* ৪৫ ক্রেডিট সম্পন্ন ৪ সেমিস্টারব্যাপী প্রোগ্রাম
* দেশ-বিদেশে শিক্ষা সফর

### টিউশন ফি

* বেসরকারি পর্যায়ের কর্মকর্তাদের জন্য সর্বসাকুল্য ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা প্রতি সেমিস্টার
* সরকারি পর্যায়ের কর্মকর্তাদের জন্য সর্বসাকুল্য ৩,০০০ (তিন হাজার) টাকা প্রতি সেমিস্টার
* সকলের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃক ধার্যকৃত পরীক্ষার ফি + রেজিস্ট্রেশন ফি (যার জন্য প্রযোজ্য)

### বৃত্তির ব্যবস্থা

* বেসরকারি পর্যায়ের কর্মকর্তাদের জন্য পূর্ববর্তী সেমিস্টারের ফলাফলের উপর বিভিন্ন ধাপে সর্বোচ্চ ৫০% পর্যন্ত ছাড়

**www.bigm.edu.bd**

সভাপতি
ভর্তি কমিটি

ই-৩৩, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা- ১২০৭, ওয়েবসাইট: www.bigm.edu.bd, ই-মেইল: info@bigm.edu.bd
ফোন: ৯১৪১০৩১, ৯১৪১০৬৫, ৯১৪১২৫২ এক্স: ১০২, ১০৩, ১০৬, ১০৭, ১০৮, ১১৪